

সম্মেলন



শুভ্রা গাঙ্গুলি

প্রকাশ : ১২ নভেম্বর ২০২৩ ০৭:৪৪



কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী সমিতি (Calcutta University Alumni Association or CUAA- DC) একটি ষ্বেচ্ছাসেবী স্বনির্ভর সংস্থা। সংগঠনটি প্রায় ২৫ বছর ধরে তাদের সার্শতবর্ষ প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানের ঐতিহ্য বহন করে চলেছে উত্তর আমেরিকার ওয়াশিংটন ডিসি, ভার্জিনিয়া এবং ম্যারিল্যান্ড এলাকায়। CUAA- DC- র এই যাত্রাপথের লক্ষ্য স্থির করা আছে বাংলার কৃষ্টির সম্প্রসারণে এবং তার ঐতিহ্যকে পরবর্তী প্রজন্মের মধ্যে দৃঢ় করার অঙ্গীকারে। এই সংকল্প নিয়ে প্রতিবছর অন্তত একবার সংগঠনের সদস্যরা মিলিত হন পুজোর পরে। গানে, গল্পে, আড্ডাতে তারা ফিরে যান শিকড়ের টানে।

চলতিবছরেও এর কোনো ব্যতিক্রম ছিল না। ওয়াশিংটন ডিসির উপকণ্ঠে পটোম্যাক শহরে গত ৪ নভেম্বর এ সম্মিলনী হয়ে গেলো। উদ্দীপনাময় ও মননস্বন্দ পুনর্মিলন উৎসবের মধ্যে দিয়ে প্রাক্তনীরা নিয়েছিলেন কিছু অন্যান্যরকম প্রচেষ্টা। সেই সন্ধ্যায়, স্থানীয় শিক্ষাদপ্তর, মস্টোগোমেরি কাউন্টি পাবলিক স্কুলের দু'টি প্রয়াসকে CUAA- DC এককালীন আর্থিক সাহায্য এবং নৈতিক স্বীকৃতি জানিয়েছে। MCPS- র প্রথম প্রয়াসটির লক্ষ্য সামগ্রিক ভাবে প্রবাসী পিতা-মাতারা, যারা এক সল্পপরিচিত ও ভিন্ন আর্থ-সামাজিক পরিস্থিতিতে প্রতিপালন করেন তাদের সন্তানদের লক্ষ্য করে। মানসিক সংকটের প্রতিবন্ধকতাকে লঘু করার এক সদর্শক প্রচেষ্টা নিয়েছে MCPS। CUAA- DC তাতে স্বতঃস্ফূর্ত সমর্থন জানিয়েছে। এছাড়াও স্বীকৃতি জানানো হয়েছে স্থানীয় MCPC পরিচালিত উচ্চবিদ্যালয়কে, যারা সম্পূর্ণ নিজস্ব চেষ্টাতে দক্ষিণ-পূর্ব এশিয়া-র ইতিহাসকে অন্তর্ভুক্ত করেছেন তাদের ঐচ্ছিক পাঠ্যক্রমে। উত্তর আমেরিকাতে এ এক ব্যতিক্রমী সিদ্ধান্ত। যা প্রশংসার যোগ্য।

একই সন্ধ্যায় আমাদেরই এক প্রাক্তনী, এই সমিতির অন্যতম পৃষ্ঠপোষক এবং Greater Washington কালি মন্দিরের কর্ণধার শ্রীপ্রদীপ ঘোষ দিলেন তার আন্তর্জাতিক বহুমুখী কর্মখণ্ডের এক রূপরেখা। CUAA- DC তার সীমিত প্রচেষ্টা নিয়ে সবসময় পৌঁছাতে চায় প্রান্তিক মানুষজনের কাছে। সেই অনুসারে গ্রহণ করা হ'লো কিছু প্রস্তাবনা। তারা জানিয়েছেন, আর্থিক সাহায্য করা হবে একটি ভারতবর্ষ-কেন্দ্রিক ষ্বেচ্ছাসেবী সংস্থাকে, যারা দরিদ্র শিশুদের মধ্যে শিক্ষা সম্প্রচারে নিয়োজিত। তারই সাথে, আগত Christmass- র মৌসুমে পৌঁছে দেয়া হবে কিছু বইপত্র ওয়াশিংটন ডিসি এবং তৎসংলগ্ন এলাকার দুঃস্থ শিক্ষার্থীদের কাছে। প্রকাশিত হয়েছে সংগঠনের বাৎসরিক সাহিত্য পত্রিকা, "প্রাক্তনী"। স্থানীয় এবং কলকাতাবাসি প্রাক্তনীরা লিখেছেন নিবন্ধ, গল্প, কবিতা এবং স্মৃতিচারণা। এই বছর সম্পাদক-নির্বাচিত বিষয় ছিল বিশ্বব্যাপী উষ্ণায়ন, তার প্রেক্ষিতে লিখেছেন কয়েকজন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন মানুষ, পরিণত করেছেন এ-বছরের "প্রাক্তনী"কে একটি সংরক্ষণযোগ্য সংখ্যাত্তে। সংগঠনটি সম্পর্কে আরও জানার জন্য www.cuaa-dc.org ওয়েভ ঠিকানায় ক্লিক করার জন্য অনুরোধ জানানো হয়েছে।

[উত্তর আমেরিকা](#) থেকে আরো পড়ুন

[ওয়াশিংটন](#) [কলকাতা](#) [বিশ্ববিদ্যালয়](#) [সম্মেলন](#)

